

## সন্ত্রাসীদের এসিডের ভয়ে শ্রীপুরের একটি স্কুল ছাত্রীশূন্য

শ্রীপুর (গোজীপুর) থেকে সংবাদদাতা ॥ স্থানীয় ধনাই বেপারী উচ্চ বিদ্যালয়ের ছাত্রীরা এসিডপতন হওয়ার ভয়ে স্কুলে আসা বন্ধ করে দিয়েছে। প্রকাশ, উপজেলার তিলার চালা গ্রামের বখাটে মেহেদী হাসান-সহ ৮/১০ জনের একটি সংঘবদ্ধ সন্ত্রাসী দল ছাত্রীদের প্রাত্যহিক স্কুলে যাতায়াতকালে কুপ্রস্তাবসহ অশোভন অপ্রভাবিত করে। এতে ছাত্রীরা প্রতিবাদ করলে তাদের এসিড নারা ও তুলে নেয়ার হুমকি দেয়। এলাকাবাসী জানান, এই সন্ত্রাসী-চক্রের ভয়ে কেউ কিছু বলতে পারে না।

ধনাই বেপারী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জানান, সন্ত্রাসীদের (১০ম পৃ: ড্র:)

## সন্ত্রাসীদের এসিড

(১২ম পৃ: পর)

ভয়ে ইতিমধ্যে অনেক ছাত্রী স্কুল ছেড়ে অন্যত্র চলে গেছে। অনেক অভিভাবক তাদের মেয়েদের স্কুলে আসা বন্ধ করে দিয়েছে। এদিকে গত ৪ জুন মেহেদী হাসানের দল এক ছাত্রীকে উত্তাড় করলে শিক্ষকদের প্রতিবাদের মুখে চলে গেলেও পরে দা-লাঠি-হকিটিক নিয়ে হামলা করতে আসে। এতে শিক্ষকরা পালিয়ে আশ্রয় নেন। স্কুলের প্রধান শিক্ষক এম, এ ছাত্রীর ভূঞা এ ব্যাপারে বানায় অভিযোগ দায়ের করেছেন।